

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(ثمرة غزوة بدر) क्लोक्ल

- (১) বদরের যুদ্ধ ছিল কাফেরদের মূল কর্তনকারী ও সত্যকে প্রতিষ্ঠা দানকারী।
- এ যুদ্ধের পরে কাফের সমাজে এমন আতংক প্রবেশ করে যে, তারা আর কখনো বিজয়ের মুখ দেখেনি। যেমন আল্লাহ বলেন, وَإِذْ يَعِدُكُمُ اللهُ إِحْدَى الطَّائِفَتِيْنِ أَنَّهَا لَكُمْ وَتَوَدُّوْنَ أَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُوْنُ لَكُمْ وَيُبْطِلَ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ وَإِذْ يَعِدُكُمُ اللهُ إِحْدَى الطَّائِفَتِيْنِ أَنَّهَا لَكُمْ وَيَقْطَعَ دَابِرَ الْكَافِرِيْنَ لِيلُحِقَّ الْحَقَّ وَيُبْطِلَ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ بَوْدَ لَا الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ بَوْدَ الْمُجْرِمُوْنَ اللهُ إِنْ الْكَافِرِيْنَ لِيلُحِقَّ الْحَقَّ وَيُبْطِلَ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ بَوْدَ الْمُجْرِمُوْنَ أَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُونُ لَكُمْ وَيُنِيدُ اللهُ إِنْكُولُونَ أَنْ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ يَكُونُ لَكُمْ وَيُنِيدُ اللهُ إِنْكُولِيْنَ لِيلُولُ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ اللهُ إِنْكُالْ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ اللهُ إِنْكُولِيْنَ اللهُ ال
- (২) এ যুদ্ধে বিজয়ের ফলে মুসলমানদের শক্তি ও সাহস বৃদ্ধি পায়। দলে দলে লোকেরা ইসলামে প্রবেশ করতে থাকে। এমনকি মুনাফিক নেতা আব্দুল্লাহ ইবনে উবাই খাযরাজী ও তার সাথীরা প্রকাশ্যে ইসলাম কবুলে বাধ্য হয় এবং শক্রুরা ভীত হয়ে চুপসে যায়।
- (৩) বদরের যুদ্ধে বিজয় ছিল মক্কা বিজয়ের সোপান স্বরূপ। এর কিছু দিন পূর্বে শা'বান মাস থেকে কা'বার দিকে কিবলা পরিবর্তিত হয় এবং বদর যুদ্ধের মাত্র ছয় বছর পরেই ৮ম হিজরীর ১৭ই রামাযান তারিখে মক্কা বিজয়ের মাধ্যমে যা পূর্ণতা লাভ করে।
- (৪) যুদ্ধটি ছিল অভাবনীয়। কেননা বদর যুদ্ধ পূর্ব পরিকল্পিত ছিল না (আনফাল ৮/৪২)। তেমনি বিজয়টিও ছিল অভাবনীয়। যা স্রেফ আল্লাহর বিশেষ রহমতে সাধিত হয়। যুগে যুগে ইসলামী বিজয় এভাবেই হয়ে থাকে।
- (৫) বদর যুদ্ধে মুসলিম বাহিনীর অভূতপূর্ব বিজয়ে ৪টি পক্ষ দারুণভাবে ক্ষুব্ধ ও ক্রুদ্ধ হয়। মক্কার কুরায়েশরা, মদীনার ইহূদী ও মুনাফিকরা এবং মদীনার আশপাশের নাজদ প্রভৃতি এলাকার বেদুঈনরা। যারা ছিল প্রেফ দস্যুশ্রেণীর লোক। ঈমান ও কুফর কোনটির প্রতি তাদের কোন আকর্ষণ ছিল না। উপরোক্ত চারটি শ্রেণীর প্রত্যেকেই নিশ্চিত ছিল যে, মদীনায় ইসলামী খেলাফত প্রতিষ্ঠিত হ'লে তা অবশ্যই তাদের স্বার্থের বিরুদ্ধে যাবে। সেকারণ তারা সাধ্যমত সকল উপায়ে মদীনায় একটি স্থিতিশীল ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার বিরোধিতা করতে থাকে।
- (৬) এ যুদ্ধের ফলে ইহুদী গোত্রগুলির মধ্যে সবচেয়ে সমৃদ্ধিশালী গোত্র বনু ক্লাইনুক্লা ভীষণভাবে ভীত ও ক্রুদ্ধ হয়। তাদের ষড়যন্ত্র তুঙ্গে উঠে। ফলে মদীনা থেকে তাদের বহিষ্কার অবশ্যম্ভাবী হয়। বদর যুদ্ধের পরেই ২য় হিজরীর শাওয়াল মাসে যা কার্যকর হয়।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন